"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনা বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, রোড।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৬.১৯ -১৭৪

তারিখঃ ১৫ আশ্বিন,১৪২৬
৩০ সেপ্টেম্বর, ২০১৯

বিষয় : সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন কামালা বাজার ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবুল কালাম মো: মনোওর আলীর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রসঙ্গে

সূত্র:- মহাপরিচালক, মাদ্রসা শিক্ষা অধিদপ্তর-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০৪৭.১৬-৩০২, তারিখঃ ১৭.০৯.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন কামালা বাজার ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবুল কালাম মো: মনোওর আলীর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে DIA এর উত্থাপিত আপত্তির আলোকে টিএমইডি কর্তৃক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

| ক্র: নং | টিএমইডির প্রস্তাবনা |
|---|---|
| ১. | অধ্যক্ষ জনাব আবুল কালাম মো: মনোওর আলী প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠালগ্ন থেকে উক্ত প্রতিষ্ঠানে এমপিও ভূক্তির পূর্ব পর্যন্ত কর্মরত থাকায় এবং কোন অভিজ্ঞ সুপার না পাওয়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁকে সুপার পদে নিয়োগ দেন। তাঁকে সুপার পদের নিম্ন স্কেলের বেতন ২৩০০/- টাকা বেতন-ভাতা দেয়া হয়েছে। জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর মতামতের আলোকে আপত্তিটি নিস্পত্তি করা হলো। |
| ২. | ৪/২/২০১০ তারিখের নীতিমালার ১১(খ) অনুচ্ছেদে উল্লেখ আছে যে, 'এ নির্দেশিকা জারীর পূর্বে বিধি মোতাবেক নিয়োজিত প্রতিষ্ঠান প্রধান বা সহ প্রধানগণ এমপিও ভূক্তির সময়ে কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের নীচের ধাপের বেতন স্কেলে বেতন ভাতাদি পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে কাম্য বেতন ভাতাদি পাবেন বিধায় অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৩. | প্রবিধানমালা ২০০৯ এর ৪৫(৩)(৪)(৫) অনুচ্ছেদের নির্দেশনা লংঘন করে অধ্যক্ষ আদায়কৃত টাকা হাতে নগদ রেখে ব্যয় করেছেন। ১/৩/১৯৯৫ ইং তারিখের সভার ৩য় সিদ্ধান্ত মতে ছুটিকালিন সময়ের বেতন ভাতা জনতা ব্যাংক বিশ্বনাথ শাখা হতে উত্তোলনের সিদ্ধান্ত দিলেও তিনি ১লা মার্চ ১৯৯৪ থেকে ২৮ শে ফ্রেবুয়ারী ১৯৯৫ পর্যন্ত বিনা বেতনে ছুটি ভোগ করেন। উক্ত ছুটিকালিন সময়ের বেতন উত্তোলন করেননি বিধায় ভবিষ্যতে মাদ্রাসাটির সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে বহাল রাখার শর্তে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৪. | প্রতি তিন মাস অন্তর অন্তর অভ্যন্তরীণ কমিটির অডিট বহাল রাখার শর্তে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৫. | কোন শিক্ষক বা কমিটির কোন সদস্যকে বহিষ্কার করার প্রামাণিক তথ্য পাওয়া যায়নি বিধায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৬. | শিক্ষকদের লিখিত মতামত অনুযায়ী শিক্ষকদের কাছ থেকে সাদা কাগজে সহি নেওয়ার অভিযোগ প্রমাণিত না হওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৭. | শিক্ষক নিয়োগ দিয়ে এবং পদোন্নতি দিয়ে শিক্ষকদের নিকট হতে টাকা নেওয়ার প্রমানিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৮. | তিনজন শিক্ষক স্বেচ্ছায় পদত্যাগ করেন। অধ্যক্ষ কর্তৃক নিজে মাদরাসায় অস্ত্র রাখার প্রমানিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ৯. | মুফতি ব্যবহারের প্রমানিক তথ্য পাওয়া যায়নি। তবে তাঁর সীলে অধ্যক্ষ অর্থাৎ তাঁর পদবী ব্যবহার করা হয়েছে। জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১০. | অধ্যক্ষের দুর্নীতির বিরুদ্ধে এলাকাবাসী ফুঁসে উঠার প্রমাণ এবং অধ্যক্ষের নির্দেশে ক্যাডার বাহিনী শিক্ষকদের উপর হামলা করার প্রমাণ না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১১. | নাগরিক সমাজ কর্তৃক অধ্যক্ষের দুর্নীতির স্বেতপত্র দেয়ার প্রমানিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |

চলমান পাতা/২

| | |
|---|---|
| ১২, | সভাপতির আদেশ, নির্দেশ, অনুরোধ উপেক্ষা করার প্রমাণিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৩. | দারুল ক্বিরাত মজিদিয়া কামাল বাজার শাখার টাকা আত্মসাৎ করার প্রমাণিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৪. | সংবর্ধনা অনুষ্ঠানের চাঁদাবাজির অভিযোগ প্রমাণিত না হওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৫. | তদন্ত প্রতিবেদন আলোর মুখ দেখেনি এবং সংশ্লিষ্ট কর্মকর্তা বশিভূত হওয়ার প্রমাণিক তথ্য না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৬. | অভিযোগের সত্যতা না পাওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |
| ১৭. | অভিযোগ প্রমাণিত না হওয়ায় জেলা শিক্ষা অফিসার ও মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামতের আলোকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। |

২। এমতাবস্থায়, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার কামাল বাজার ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবুল কালাম মো: মনোওর আলীকে উপরে বর্ণিত BS জবাবের আলোকে অধ্যক্ষ জনাব আবুল কালাম মো: মনোওর আলীর বিরুদ্ধে ডিআইএ কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে জেলা শিক্ষা অফিসার ও DG, DME- এর সুপারিশের আলোকে অডিট আপত্তি থেকে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

৩০.০৯.১৯

(নুরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব(অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

অধ্যক্ষ
কামালা বাজার ফাজিল মাদ্রাসা
বিশ্বনাথ, সিলেট।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা। ২।
২ পরিচালক,পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। জেলা শিক্ষা অফিসার, সিলেট ।
১০। অফিস কপি/মাস্টার কপি।